# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 06, 1432 Bangla, March 20, 2026, Friday, No. 79, 56th year


# H I G H L I G H T S

The holy Eid-ul-Fitr, one of the greatest religious festivals of the Muslims, is going to be celebrated in country tomorrow- President Mohammed Shahabuddin & PM Tarique Rahman will offer Eid-ul-Fitr prayers at the main congregation at National Eidgah. (BBC:---)

Indian Prime Minister Narendra Modi has extended warm greetings to Prime Minister Tarique Rahman and the people of Bangladesh on the occasion of Eid-ul-Fitr. (BBC:--)

A man named Md. Sohel (22) has been killed in a collision between two launches in Sadarghat, Dhaka. (DW:--)

Thousands of people heading home for Eid are facing extreme hardship due to heavy traffic jams along the Dhaka-Tangail highway from Chandra in three directions. (DW:---)

Economic analysts predict if not managed properly, the combination of the fuel crisis and the long holidays could have a double impact on commodity prices. (DW:---)

Bangladesh has expressed deep concern for the safety and welfare of seafarers, including its nationals aboard vessels operating in war-affected areas of the Middle East. (Jago FM:---)

Armed assailants have stormed into a house in Khulna and opened fire on four members of the same family, leaving two in critical condition. (Jago FM:--)

At least 20 people, including the union parishad chairman and police, have been injured in a clash in Dimla, Nilphamari, over illegal stone extraction in the Teesta River. (Jago FM:--)

Following the Iranian missile attack on a key gas facility in Qatar, the impact could be greatest on Bangladesh, India, and Pakistan. (Jago FM:--)

China has strongly condemned the killing of Iranian national security chief Ali Larijani by an Israeli air strike, calling it "unacceptable". (DW:--)

Arab countries have issued a joint statement at a meeting of foreign ministers in Riyadh, strongly condemning Iran's "deliberate" attacks on GCC countries, saying that this aggression cannot be justified. (BBC:--)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৬, বাংলা ১৪৩২, মার্চ ২০, ২০২৬, শুক্রবার, নং- ৭৯, ৫৬তম বছর**

# শিরোনাম

আগামীকাল দেশে উদযাপিত হবে মুসলমানদের অন্যতম শ্রেষ্ঠ ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর; জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের নামাজে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন। (বিবিসি:---)

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ও বাংলাদেশের জনগণকে ঈদুল ফিতর উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। (বিবিসি:---)

ঢাকার সদরঘাটে দুই লঞ্চের সংঘর্ষের ঘটনায় মো. সোহেল (২২) নামে একজন নিহত হয়েছেন। (ডয়েচে ভেলে:--)

ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের চন্দ্রা থেকে তিন দিকে দীর্ঘ এলাকাজুড়ে তীব্র যানজটে চরম দুর্ভোগে পড়েছে ঈদে ঘরমুখী হাজারো মানুষ। (ডয়েচে ভেলে:--)

অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, সঠিক ব্যবস্থাপনা করা না গেলে জ্বালানী তেলের সংকটের সঙ্গে দীর্ঘ ছুটি মিলে দ্রব্যমূলের ওপর দ্বিগুণ প্রতিক্রিয়া হতে পারে। (ডয়েচে ভেলে:---)

মধ্যপ্রাচ্যের চলমান সংকটের কারণে সমুদ্রপথে জাহাজ চলাচলের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। (জাগো এফএম:--)

খুলনায় ঘরে ঢুকে একই পরিবারের চারজনকে গুলি করেছে দুর্বৃত্তরা; আহতদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক। (জাগো এফএম:---)

তিস্তা নদীতে অবৈধভাবে পাথর উত্তোলনকে কেন্দ্র করে নীলফামারীর ডিমলায় সংঘর্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পুলিশসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। (জাগো এফএম:---)

কাতারের গুরুত্বপূর্ণ গ্যাস স্থাপনায় ইরানি ক্ষেপণাস্ত্র হামলার পর এর প্রভাব সবচেয়ে বেশি হতে পারে বাংলাদেশ, ভারত ও পাকিস্তানের উপর। (জাগো এফএম:---)

ইরানের জাতীয় নিরাপত্তা প্রধান আলী লারিজানির হত্যাকাণ্ডকে 'অগ্রহণযোগ্য' বলে এ হত্যাকাণ্ডের নিন্দা জানিয়েছে চীন। (ডয়েচে ভেলে:---)

সৌদি আরবের রিয়াদে পররাষ্ট্রমন্ত্রীদের এক বৈঠকে ইরানের হামলার তীব্র নিন্দা জানিয়ে যৌথ বিবৃতি জারি করেছে আরব দেশগুলো। বিবৃতিতে বলা হয়েছে, "কোনো অজুহাতেই" এই ধরনের হামলাকে বৈধতা দেওয়া যায় না। (বিবিসি:---)

# বিবিসি

## তারেক রহমানকে নরেন্দ্র মোদীর ঈদ শুভেচ্ছা

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে ঈদুল ফিতর উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বাংলাদেশের রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের খবরে বলা হয়েছে, মি. রহমানকে পাঠানো এক বার্তায় বাংলাদেশের জনগণকেও 'ঈদ মোবারক' জানিয়েছেন মি. মোদী। 'ঈদুল ফিতর সমবেদনা, ভ্রাতৃত্ব এবং একতার বার্তা দেয়,' উল্লেখ করে তিনি 'দুই দেশের মধ্যে বন্ধুত্ব ও সৌহার্দ্যের বন্ধন আরো দৃঢ় হোক' এমন প্রত্যাশা ব্যক্ত করেন। অন্তর্বর্তী সরকারের সময়ে প্রধান উপদেষ্টার উদ্দেশ্যে ভারতের প্রধানমন্ত্রী শুভেচ্ছা জানালেও, সেসময় দুই দেশের সম্পর্ক ছিল শীতল। বিশেষ করে, আওয়ামী লীগের পতনের পর থেকেই সম্পর্কের এই টানাপড়েন তৈরি হয়েছিল। তবে, বাংলাদেশে নির্বাচিত সরকার ক্ষমতায় আসার পর থেকে প্রতিবেশী দুই দেশের মধ্য সম্পর্ক উন্নয়নের চেষ্টা দেখা গেছে। (বিবিসি ওয়েব পেজঃ ১৯.০৩.২০২৬ রনি)

## বাংলাদেশে ঈদ শনিবার

বাংলাদেশের আকাশে বৃহস্পতিবার কোথাও শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। জাতীয় চাঁদ দেখা কমিটি জানিয়েছে, আগামীকাল চাঁদ দেখা গেলে বাংলাদেশে ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে শনিবার। এর আগে, মুসলিমদের বৃহত্তম ধর্মীয় উৎসবের তারিখ নিশ্চিত করতে বৃহস্পতিবার বৈঠকে বসে জাতীয় চাঁদ দেখা কমিটি। বায়তুল মোকাররম জাতীয় মসজিদে ইসলামিক ফাউন্ডেশনে ইফতারের পরে বৈঠকটি শুরু হয়। ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ বৈঠকে সভাপতিত্ব করেন। গতকাল সৌদি সরকারের পক্ষ থেকে জানানো হয়েছিল, শাওয়াল মাসের চাঁদ দেখা না যাওয়ায় দেশটিতে ২০ মার্চ ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে। ইসলামিক দিনপঞ্জির অন্যতম বৃহৎ ধর্মীয় উৎসব ঈদ-উল-ফিতর। এটি বাংলাদেশের অন্যতম বৃহত্তম ধর্মীয় উৎসব। বাংলাদেশে সাধারণত সৌদি আরবের পরদিন রোজা ও ঈদ পালন করা হয়। তবে, দেশের কয়েকটি জেলায় সৌদি আরবের সঙ্গে মিলিয়ে একদিন আগে রোজা শুরু হয়, এবং ঈদও সৌদি আরবের সাথে মিলিয়ে পালন করেন তারা।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০৩.২০২৬ এলিনা)

## ঈদের কয়েকদিন কেমন থাকবে আবহাওয়া?

বাংলাদেশে চলছে ঈদের উৎসব। উৎসবের মূল দিন অর্থাৎ ঈদের দিনসহ এই সময়টায় আবহাওয়া কেমন থাকবে, তা জানা থাকলে উদ্‌যাপনের পরিকল্পনা করা সহজ হবে। গত দুইদিনে দেশের কোথাও কোথাও ঝড়-বৃষ্টি হওয়ায় ঈদের দিনের আবহাওয়া নিয়েও রয়েছে কৌতূহল। ইতোমধ্যেই বৃহস্পতিবার থেকে পরবর্তী পাঁচদিনের জন্য আবহাওয়ার পূর্বাভাস জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এতে প্রতিদিনই ঝড়ো হাওয়া ও বৃষ্টির সম্ভাবনার কথা জানানো হয়েছে। তবে, তা সারাদেশে না হয়ে 'কিছু কিছু জায়গায়' অস্থায়ীভাবে হতে পারে। 'কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনার' কথাও বলা হয়েছে পূর্বাভাসে। বৈরী পরিস্থিতির জন্য ঈদের নামাজের ক্ষেত্রে সাধারণত বিকল্প ব্যবস্থা থাকে।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০৩.২০২৬ এলিনা)

## দীর্ঘদিন পর রাষ্ট্রপতির সাথে ঈদের নামাজ পড়বেন পুরুষ প্রধানমন্ত্রী : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের নামাজে রাষ্ট্রপতি মুহাম্মদ সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে দীর্ঘদিন পর রাষ্ট্রপতির সাথে ঈদের নামাজে একজন পুরুষ প্রধানমন্ত্রী নামাজ পড়বেন। বৃহস্পতিবার জাতীয় ঈদগাহ ময়দানের সার্বিক প্রস্তুতি পরিদর্শন শেষে এসব কথা বলেন তিনি। নারী পুরুষ মিলিয়ে প্রায় ৪০ হাজার মানুষ একসাথে জাতীয় ঈদগাহ ময়দানে নামাজ পড়তে পারবেন বলেও জানান তিনি। মি. আলম বলেন, সকাল সাড়ে ৮টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির সাথে যারা ঈদের নামাজে অংশ নিতে চান, তাদেরকে নির্দিষ্ট সময়ে ঈদগাহ ময়দানে আসার আহ্বান জানান প্রতিমন্ত্রী। তিনি জানান, আবহাওয়ার সার্বিক পরিস্থিতি বিবেচনায় সব ধরনের প্রস্তুতি রাখা হচ্ছে। এছাড়া দুই একটি দুর্ঘটনা ছাড়া এবারের ঈদযাত্রা সুন্দর ও স্বস্তিদায়ক হয়েছে বলেও দাবি করেন প্রতিমন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০৩.২০২৬ এলিনা)

## স্বর্ণের দাম সপ্তাহ ব্যবধানে ভরিতে প্রায় ২৫ হাজার টাকা কমেছে

বাংলাদেশে এক সপ্তাহের ব্যবধানে স্বর্ণের দাম প্রতি ভরিতে প্রায় ২৫ হাজার টাকা কমেছে। বৃহস্পতিবার বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন বা বাজুস-এর স্বর্ণের দাম নিয়ে পাঠানো সবশেষ বার্তা বিশ্লেষণ করে এই তথ্য পাওয়া গেছে। অ্যাসোসিয়েশন-এর দেওয়া সবশেষ তথ্য অনুযায়ী, বাংলাদেশে ২২ ক্যারেট স্বর্ণ প্রতি ভরির দাম ২ লক্ষ ৬২ হাজার ২৬৫ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ২১ ক্যারেট ২ লক্ষ ৫০ হাজার ৩৬৮ এবং ১৮ ক্যারেট স্বর্ণের ভরি প্রতি দাম ২ লক্ষ ১৪ হাজার ৬১৮ টাকা। গত ১১ই মার্চ ২২ ক্যারেট স্বর্ণের দাম ভরি প্রতি ২ লক্ষ ৮৭ হাজার ২৬২ টাকা ছিল। এই সময়ে অন্যান্য ক্যারেটের স্বর্ণের দামও একইভাবে কমেছে। ১১ মার্চের পর থেকে গেল এক সপ্তাহেই পাঁচ দফা পরিবর্তন হয়েছে স্বর্ণের দাম। যার প্রতিবারই মূল্যবান এই ধাতুর দাম কিছুটা করে হ্রাস পেয়েছে। যদিও গত এক বছরে হঠাৎই লাফিয়ে লাফিয়ে বাড়তে থাকে স্বর্ণের দাম। এখনও যে ধারা অব্যাহত রয়েছে। মাঝে মধ্যে স্বর্ণের দাম কিছুটা কমের বার্তা পাওয়া গেলেও, অল্প সময়ের ব্যবধানেই সেটি আবারও বাড়তে দেখা গেছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## সান্তাহারে দুর্ঘটনা কবলিত বগিগুলো উদ্ধার, ২১ ঘণ্টা পর ট্রেন চলাচল শুরু

বগুড়ার সান্তাহারে দুর্ঘটনার শিকার নীলসাগর এক্সপ্রেসের বগি লাইনচ্যুত হওয়ার প্রায় ২১ ঘণ্টা পর ওই রুটে ট্রেন চলাচল আবারও শুরু হয়েছে। দুর্ঘটনা কবলিত বগিগুলো উদ্ধার ও রেললাইন সংস্কারের পর বেলা ১২টা থেকে ট্রেন চলাচল শুরু হয় বলে জানিয়েছেন বাংলাদেশ রেলওয়ে পশ্চিম জোনের প্রধান প্রকৌশলী আহম্মদ হোসেন মাসুম। বৃহস্পতিবার সকালে দুর্ঘটনাস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। মি. মাসুম জানান, বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে দুর্ঘটনা কবলিত ট্রেনের নয়টি বগি উদ্ধারের কাজ সম্পন্ন হয়। তবে "এখনই এখান দিয়ে ফুল স্পিডে ট্রেন চলবে না, ট্রেন আসবে, স্টেশনে থামবে এবং ধীরগতিতে এই অংশ পার হবে। পর্যায়ক্রমে লাইনে ট্রেনের গতি স্বাভাবিক হবে," জানান তিনি। এই দুর্ঘটনার কারণে ঈদযাত্রায় ট্রেনের শিডিউল বিপর্যয় যাত্রীদের কতটা ভোগাবে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মি. মাসুম বলেন, "এবার আমরা ভেবেছিলাম শিডিউল বিপর্যয় তেমন হবে না। তবে, বাড়তি যাত্রীর চাপ এবং এ দুর্ঘটনা সব মিলিয়ে শিডিউল বিপর্যয় কিছুটা হয়েছে।" বুধবার দুপুর ২টার দিকে বগুড়ার সান্তাহারে ঢাকা থেকে নীলফামারী জেলার চিলাহাটিগামী নীলসাগর এক্সপ্রেস ট্রেনের নয়টি বগি লাইনচ্যুত হয়। দুর্ঘটনাস্থল থেকে ৪৭ জনকে উদ্ধার করে নওগাঁ সদর হাসপাতালে পাঠানোর তথ্য জানিয়েছিল ফায়ার সার্ভিস। এই দুর্ঘটনার কারণে বুধবার দুপুর থেকেই উত্তরের জেলা নীলফামারী, ঠাকুরগাঁও, দিনাজপুর, পঞ্চগড় ও জয়পুরহাটের সঙ্গে ঢাকার রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। পরে ওই রুটের যাত্রীদের জন্য বিকল্প হিসেবে 'ট্রান্সশিপমেন্ট পরিকল্পনা' নেয় বাংলাদেশ রেলওয়ে।

(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## কাতারে আবার হামলা হলে ইরানের প্রধান গ্যাসক্ষেত্র উড়িয়ে দেওয়া হবে : ট্রাম্প

কাতারে ইরান যদি ফের কোনো হামলা চালায়, তবে দেশটির প্রধান প্রধান গ্যাসক্ষেত্রগুলোতে 'বিশাল বিস্ফোরণ' চালানোর হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে এ হুমকি দেন তিনি। ইরান কাতারের রাস লাফফান এনার্জি কমপ্লেক্সে হামলা চালানোর পর, ট্রাম্প ওই হুঁশিয়ারি পোস্ট দেন। বুধবার রাতে ইসরায়েল ইরানের সাউথ পার্স গ্যাসক্ষেত্রে, যা বিশ্বের সর্ববৃহৎ প্রাকৃতিক গ্যাসক্ষেত্র বলে বিবেচিত' হামলা চালায়। জবাবে ইরান কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতসহ কয়েকটি গালফ দেশে হামলা চালিয়েছে। এদিকে, মি. ট্রাম্প বলেছেন, ইরানের সাউথ পার্সে ইসরায়েলের হামলার ব্যাপারে যুক্তরাষ্ট্র কিছু জানতো না।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## সরকারবিরোধী তিন বিক্ষোভকারীর মৃত্যুদণ্ড কার্যকর করলো ইরান

গত জানুয়ারিতে দেশব্যাপী সরকারবিরোধী আন্দোলনের সময় দুই পুলিশ কর্মকর্তাকে হত্যার দায়ে দণ্ডিত তিন বিক্ষোভকারীর মৃত্যুদণ্ড কার্যকর করেছে ইরান। ইরানের বিচার বিভাগীয় সংবাদ সংস্থা মিজানের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। বিচার বিভাগ জানিয়েছে, তাদের বিরুদ্ধে হত্যা এবং "খোদার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা" করার অভিযোগ প্রমাণিত হয়েছে, যার মধ্যে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের পক্ষে কাজ করার অভিযোগও অন্তর্ভুক্ত ছিল। এই সরকারবিরোধী আন্দোলনটি মূলত অর্থনৈতিক দুরবস্থার প্রতিবাদ হিসেবে শুরু হলেও পরবর্তীতে তা বর্তমান ইরানি সরকারের বিরুদ্ধে দেশব্যাপী গণ-আন্দোলনে রূপ নেয়। যুক্তরাষ্ট্রভিত্তিক হিউম্যান রাইটস অ্যাক্টিভিস্টস নিউজ এজেন্সির তথ্য অনুযায়ী, এই বিক্ষোভ চলাকালীন প্রায় ছয় হাজার ৪৮৮ জন বিক্ষোভকারী নিহত হয়েছেন। এইচআরএএনএ জানিয়েছে, ইরানি নিরাপত্তা বাহিনীর কঠোর দমন-পীড়নের পর তারা এখনও প্রায় ১১ হাজার ৭৪৪টি মামলা পর্যালোচনা করছে।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## ইরানি হামলার 'নিন্দা' জানিয়ে আরব দেশগুলোর যৌথ বিবৃতি

সৌদি আরবের রিয়াদে পররাষ্ট্রমন্ত্রীদের এক বৈঠকের পর ইরানের হামলার প্রতিক্রিয়ায় একটি যৌথ বিবৃতি জারি করেছে আরব দেশগুলো। এই প্রতিনিধি দলে বাহরাইন, কুয়েত, লেবানন, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাতসহ ওই অঞ্চলের অন্যান্য দেশের প্রতিনিধিরা অন্তর্ভুক্ত রয়েছেন। ইরানের "ইচ্ছাকৃত হামলার" তীব্র নিন্দা জানিয়েছে এই দেশগুলো। তাদের মতে, এ হামলায় আবাসিক এলাকা, বেসামরিক অবকাঠামো এবং কূটনৈতিক ভবনগুলোকে লক্ষ্যবস্তু করা হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে যে, "কোনো অজুহাতেই" এই ধরনের হামলাকে বৈধতা দেওয়া যায় না। পাশাপাশি, তারা জাতিসংঘ সনদের ৫১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী নিজেদের আত্মরক্ষার অধিকারের ওপর গুরুত্বারোপ করেছেন। বিবৃতিতে ইরানকে "অবিলম্বে হামলা বন্ধ করার," আন্তর্জাতিক আইন ও "প্রতিবেশীসুলভ আচরণের নীতিমালা" মেনে চলার এবং হরমুজ প্রণালি বন্ধ করার লক্ষ্যে যে-কোনো "পদক্ষেপ বা হুমকি" থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে। একই সাথে, লেবাননের বিরুদ্ধে ইসরায়েলের "আগ্রাসন" এবং আঞ্চলিক "সম্প্রসারণবাদী নীতির" তীব্র নিন্দা জানিয়েছে দেশগুলো।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## ভয়েস অব আমেরিকা পুনরায় চালু করতে ট্রাম্প প্রশাসনকে আদালতের নির্দেশ

মার্কিন সংবাদমাধ্যম ভয়েস অব আমেরিকা কার্যত বন্ধ করার ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তটি "অবৈধ" ছিল বলে রায় দিয়েছেন যুক্তরাষ্ট্রের একটি আদালত। একই সাথে চাকরিচ্যুত সাংবাদিকদেরও পুনর্বহালের আদেশ দেওয়া হয়েছে। এক সপ্তাহের মধ্যে আন্তর্জাতিক সম্প্রচার মাধ্যমটিকে পুনরায় চালু করতে কর্তৃপক্ষকে সময় বেধে দিয়েছেন ডিস্ট্রিক্ট কোর্ট-এর বিচারক রয়েস ল্যামবারথ। মঙ্গলবার তিনি এই আদেশ দেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নাৎসি বাহিনীর প্রচারণার জবাব দিতে ভয়েস অব আমেরিকা বা ভিওএ প্রতিষ্ঠা করা হয়েছিল। প্রেসিডেন্ট পদে ফেরার ফেরার কয়েক সপ্তাহের মধ্যেই একটি নির্বাহী আদেশে সম্প্রচার মাধ্যমটি বন্ধের নির্দেশ দেন ডোনাল্ড ট্রাম্প। তার প্রশাসনের পক্ষ থেকে, ভিওএর বিরুদ্ধে বামঘেষা পক্ষপাতের অভিযোগ তোলা হয়। মি. ট্রাম্প একইসঙ্গে রেডিও ফ্রি ইউরোপ এবং রেডিও ফ্রি এশিয়ার মতো সংস্থাগুলোকেও "আইনের সীমার ভেতরে যতটা সম্ভব বাতিল" করার নির্দেশ দিয়েছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## আমাদের সক্ষমতা বাড়ছে, ইরানের কমছে : যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং একমুখী ড্রোন হামলা "সংঘাত শুরুর পর থেকে ৯০ শতাংশ কমে গেছে"। পেন্টাগনে এক প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, "এই মুহূর্তে পৃথিবীতে যে কাজটি কেউই করতে চাইবে না" তা হলো- ইরানি সামরিক বাহিনীর জ্যেষ্ঠ নেতৃত্বের একটি পদে থাকা; তার ভাষায় এগুলো এখন "অস্থায়ী চাকরি"। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র অন্তত ১২০টি ইরানি নৌযান ক্ষতিগ্রস্ত বা ডুবিয়ে দিয়েছে, যার ফলে তাদের পৃষ্ঠ-নৌবহর "আর কোনো কার্যকর শক্তি নয়" এবং তাদের সাবমেরিনগুলো "শেষ হয়ে গেছে"। হেগসেথ বলেন, "এ ধরনের একটি শাসনব্যবস্থা, যারা তাদের পারমাণবিক আকাঙ্ক্ষা ছাড়তে অস্বীকার করছে- তারা শুধু আঞ্চলিক সমস্যা নয়, যুক্তরাষ্ট্রের জন্য, স্বাধীনতার জন্য এবং সভ্যতার জন্যও সরাসরি হুমকি"। তিনি আরও বলেন, "বিশ্ব, মধ্যপ্রাচ্য, ইউরোপের আমাদের অকৃতজ্ঞ মিত্ররা, এমনকি আমাদের নিজস্ব গণমাধ্যমের কিছু অংশেরও প্রেসিডেন্ট ট্রাম্পকে একটি মাত্র কথা বলা উচিত-'ধন্যবাদ'।" গাজায় হামাসের সঙ্গে ইরানি শাসন ব্যবস্থার তুলনা করতে গিয়ে হেগসেথ বলেন, ইরান টানেল, রকেট, ক্ষেপণাস্ত্র এবং ড্রোনে বিপুল অর্থ ঢেলেছে। কিন্তু তার ভাষায়, যুক্তরাষ্ট্র তাদেরকে খুঁজে বের করছে "পদ্ধতিগতভাবে, নির্মমভাবে এবং প্রবল শক্তি দিয়ে- যেমনটি বিশ্বের অন্য কোনো সামরিক বাহিনী করতে পারে না"। তিনি আরও বলেন, এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র ইরানের ভেতরে সাত হাজারেরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে, এবং বৃহস্পতিবারও "গতকালের মতোই" সর্ববৃহৎ আঘাত হানার প্রস্তুতি রয়েছে। "আমাদের সক্ষমতা ক্রমাগত বাড়ছে, আর ইরানের সক্ষমতা ক্রমশ ক্ষয় হচ্ছে," তিনি বলেন।
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ এলিনা)

## খারাপ লোকদের হত্যা করতে অর্থ লাগে : হেগসেথ

পেন্টাগনে ব্রিফিং শেষ করার আগে, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথকে ওয়াশিংটন পোস্টের একটি প্রতিবেদন নিয়ে প্রশ্ন করা হয়, যেখানে বলা হয়েছে, পেন্টাগন ইরান যুদ্ধের জন্য অতিরিক্ত অর্থের আবেদন করেছে। হেগসেথ বলেন, প্রতিবেদনে উল্লিখিত অর্থের পরিমাণ ২০০ বিলিয়ন ডলার (১৫০ বিলিয়ন পাউন্ড)- "অবশ্যই পরিবর্তিত হতে পারে"। "খারাপ লোকদের হত্যা করতে অর্থ লাগে," হেগসেথ বলেন। তিনি যোগ করেন যে, ভবিষ্যতে যা যা প্রয়োজন হতে পারে, তার জন্য "যথাযথ অর্থায়ন" নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রনি)

## ইরানের সাত হাজারেরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত করাসহ যে-সব তথ্য জানালো পেন্টাগন

ইরান যুদ্ধ নিয়ে সাংবাদিকদের ব্রিফ করার সময় যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্র "পরিকল্পনাতেই আছে" এবং "লক্ষ্যের দিকে অগ্রসর" রয়েছে। তবে সংঘাত কখন শেষ হতে পারে, তার সুনির্দিষ্ট সময়সীমা তিনি দিতে চাননি। আরও স্পষ্টতার বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, "আমরা কোনো নির্দিষ্ট সময়সীমা বেধে দিতে চাই না"। তিনি ইরানে যুক্তরাষ্ট্রের লক্ষ্য পুনর্ব্যক্ত করেন, এর মধ্যে রয়েছে ইরানের ক্ষেপণাস্ত্র নিক্ষেপ ব্যবস্থা ও নৌবাহিনী ধ্বংস করা এবং "ইরান যেন কখনও পারমাণবিক অস্ত্র অর্জন করতে না পারে," তা নিশ্চিত করা। তিনি বলেন, এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র ইরানের সাত হাজারেরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে, এবং "আমরা কী লক্ষ্যবস্তুতে আঘাত করছি এবং কেন করছি, সে বিষয়ে আরও নির্দিষ্ট ধারণা" নিয়ে কাজ করছে সেনারা।
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রগুলোর জন্য ড্রোন শনাক্তকরণ ব্যবস্থা বাধ্যতামূলক করবে জাপান

জাপানের পারমাণবিক নিয়ন্ত্রক সংস্থা জানিয়েছে যে, সন্ত্রাসবাদ-বিরোধী পদক্ষেপের অংশ হিসেবে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রগুলোতে ড্রোন শনাক্তকরণ ব্যবস্থা থাকা বাধ্যতামূলক করা হবে। পরমাণু নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বুধবারের এক বৈঠকে তাদের নিয়মাবলি সংশোধন করার সিদ্ধান্ত নিয়েছে। নিয়ন্ত্রক সংস্থাটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র এবং গবেষণা চুল্লির মতো ২২টি স্থাপনার পরিচালনাকারীদের জন্য ড্রোন শনাক্তকরণ ব্যবস্থা স্থাপন বাধ্যতামূলক করবে। পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রগুলোর ড্রোন-প্রতিরোধী নজরদারি ব্যবস্থা নিয়ে উদ্‌বেগের মধ্যেই এই পদক্ষেপটি নেওয়া হয়েছে। গত বছর দক্ষিণ-পশ্চিম জাপানের সাগা জেলার গেনকাই পরমাণু বিদ্যুৎকেন্দ্রের আশেপাশের আকাশে তিনটি আলোকচ্ছটা দেখা গিয়েছিল। ওই কেন্দ্রের পরিচালনাকারী কর্তৃপক্ষ নিয়ন্ত্রক সংস্থাকে ঘটনাটি অবহিত করে এবং জানায় যে, ওগুলো ড্রোন হতে পারে। তবে ওই আলোর কোনো রেকর্ডকৃত ভিডিওচিত্র ছিল না। এর পাশাপাশি, জাপানের জাতীয় পুলিশ এজেন্সিও ড্রোনের উড্ডয়ন নিষিদ্ধ এলাকা, পরমাণু বিদ্যুৎকেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থানগুলোর ওপর সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট আইন সংশোধন করার কথা ভাবছে।(এনএইচকে ওয়েবপেইজ: ১৯.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### ঢাকায় দুই লঞ্চের সংঘর্ষ, মৃত এক

ঢাকার সদরঘাটে দুই লঞ্চের সংঘর্ষের ঘটনায় একজন নিহত হয়েছেন। তার নাম মো. সোহেল (২২)। তার বাড়ি বরিশালের মেহেন্দীগঞ্জে। বুধবার বিকেল সাড়ে পাঁচটার দিকে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ মো. ফয়সাল আহমেদ। পুলিশ জানায়, আজ বিকেলে সদরঘাটের ১৪ নম্বর পন্টুনের কাছে ঢাকা-ইলিশা (ভোলা) রুটের ‘আসা যাওয়া-৫’ নামে একটি লঞ্চ ট্রলার থেকে যাত্রী তুলছিল। এ সময় লঞ্চটিকে ঢাকা-দেউলা-ঘোষেরহাট রুটের ‘এমভি জাকির সম্রাট-৩’ নামে একটি লঞ্চ ধাক্কা দেয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এ ঘটনার একটি ভিডিওতে দেখা যায়, এমভি জাকির সম্রাট-৩ লঞ্চের পেছনের একটি কোণের আঘাতে ‘আসা যাওয়া-৫’ লঞ্চের দুইজন যাত্রী পিষ্ট হন। এর মধ্যে একজনকে পানিতে পড়ে যেতে দেখা গেছে। অন্যজনকে ‘আসা যাওয়া-৫’-এর বাইরের অংশে পড়ে থাকতে দেখা গেছে। পুলিশের কোতোয়ালি অঞ্চলের সহকারী কমিশনার ফজলুল হক বলেন, একজনের লাশ হাসপাতালে পাওয়া গেছে। তার নাম সোহেল। অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে। এ ঘটনায় তার শ্বশুর মিরাজ ফকির নিখোঁজ রয়েছেন এবং শাশুড়ি রুবা ফকির আহত হয়েছেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রুবাইয়া)

### ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ব্যাপক যানজট

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা ত্রিমোড় এলাকায় বুধবার রাতভর থেমে থেমে বৃষ্টি হয়েছে। এতে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের চন্দ্রা থেকে তিন দিকে দীর্ঘ এলাকাজুড়ে তীব্র যানজটের সৃষ্টি হয়। চরম দুর্ভোগে পড়েন ঈদে ঘরমুখী হাজারো মানুষ। বৃহস্পতিবার সকাল থেকে যানজট কিছুটা কমতে শুরু করেছে। স্থানীয় মানুষ ও যাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে, বুধবার বিকেল থেকে শুরু হওয়া বৃষ্টি থেমে থেমে চলে রাতভর। এতে মহাসড়কের বিভিন্ন স্থানে পানি জমে যায়। ফলে যানবাহনের গতি কমে যায় এবং এক পর্যায়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। বিশেষ করে, ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের চন্দ্রা, চন্দ্রা-নবীনগর সড়ক ও চন্দ্রা-কোনাবাড়ী সড়কের বিভিন্ন অংশে গাড়ির দীর্ঘ সারি দেখা যায়। গাজীপুর মহানগরীর কোনাবাড়ী থেকে টাঙ্গাইলের মির্জাপুর পর্যন্ত ২৫ কিলোমিটার এলাকায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। এ ছাড়া চন্দ্রা থেকে নবীনগর সড়কের জিরানী বাজার পর্যন্ত পাঁচ থেকে সাত কিলোমিটার এলাকায় থেমে থেমে যানবাহন চলাচল করছে। তবে সকাল থেকে যানজট কিছুটা কমতে শুরু করেছে। এদিকে সকাল হওয়ার সঙ্গে সঙ্গে বৃষ্টি কমে আসায় এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় যান চলাচল কিছুটা স্বাভাবিক হতে শুরু করেছে। তবে এখনো চন্দ্রা ও আশপাশের এলাকায় গাড়ি ধীরগতিতে চলাচল করছে। প্রতি বছরের মতো এবারও ঈদে ঘরমুখী মানুষের চাপ, সড়কের অব্যবস্থাপনা ও প্রতিকূল আবহাওয়ার কারণে চন্দ্রা ত্রিমোড় এলাকায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রুবাইয়া)

### দীর্ঘ ছুটিতে কি দ্রব্যমূল্য বেড়ে যায়?

এবার ঈদে দীর্ঘ ছুটি কি মূল্যস্ফীতি উসকে দেবে? অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, সঠিক ব্যবস্থাপনা করা না গেলে জ্বালানি তেলের সংকটের সঙ্গে দীর্ঘ ছুটি মিলে দ্রব্যমূলের ওপর দ্বিগুণ প্রতিক্রিয়া হতে পারে। বাংলাদেশে ১৭ মার্চ থেকে ঈদের দীর্ঘ ছুটি শুরু হয়েছে। ঈদুল ফিতরের এই ছুটি সাতদিনের হলেও মার্চের বাকি দিনগুলোও মোটামুটি ছুটির আমেজে কাটবে। কারণ ২৬ মার্চ বৃহস্পতিবার স্বাধীনতা দিবসের ছুটি। এর পরের দুইদিন শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। ফলে এখানে আবার টানা তিনদিনের ছুটি আছে। ফলে সাতদিনের ছুটি গিয়ে ১০-১২ দিনে গড়াচ্ছে। বাংলাদেশ ব্যাংকের কৃষিপণ্য নিয়ে এক গবেষণা বলছে, দীর্ঘ ছুটি মূল্যস্ফীতি বাড়ায়।

**বাংলাদেশ ব্যাংকের গবেষণা যা বলছে**

বাংলাদেশ ব্যাংক গত বছরের (২০২৫) ঈদুল আজহার দীর্ঘ ছুটি কীভাবে মূল্যস্ফীতিকে উসকে দিয়েছিল, তা তাদের এক গবেষণায় দেখিয়েছে। ওই বছরের ১৫ জুন থেকে ৭ জুলাই পর্যন্ত দেশের ১৮ জেলার ৬১টি উপজেলায় কৃষিপণ্য সরবরাহ শৃঙ্খল নিয়ে জরিপ চালায় কেন্দ্রীয় ব্যাংকের প্রধান অর্থনীতিবিদ ইউনিট ও গভর্নরের দপ্তর। 'আ স্টাডি অন ভ্যালু চেইন ইফিশিয়েন্সি অব দি অ্যাগ্রিকালচারাল প্রোডাক্টস ইন বাংলাদেশ (দ্বিতীয় পর্যায়)' শিরোনামে পরিচালিত ওই গবেষণায় দেশের বাজারের মোট ৫টি কৃষিপণ্য নিয়ে জরিপ হয়। গবেষণায় দেখা যায়, জরিপ চালনাকালে দেশের বাজারে মোটা চালের খুচরা বিক্রয়মূল্য ছিল কেজিপ্রতি ৬১ টাকা। এর আগের বছরের একই সময়ে দাম ছিল ৫৫ টাকা। একই সময়ে সরু চালের দাম ছিল ৭৮ টাকা, যা এক বছর আগে বিক্রি হয়েছিল ৭০ টাকা কেজি দরে। এক বছরের ব্যবধানে দেশের বাজারে মোটা ও সরু চালের দাম বাড়ে যথাক্রমে ১০.৯ ও ১১ শতাংশ। দরবৃদ্ধির পেছনে ঈদুল আজহার লম্বা ছুটি অন্যতম প্রভাবকের ভূমিকা রেখেছে। প্রতিবেদনে বলা হয়, ঈদুল আজহার সময় অধিকাংশ চালকল টানা ১০ দিন বন্ধ ছিল। একইসঙ্গে ব্যাংক বন্ধ থাকায় ধান কেনা-বেচা কার্যত স্থবির হয়ে পড়ে। ফলে কৃষক ও ব্যবসায়ীরা ধান বিক্রি না করে মজুত করেন। ঈদের পর মিলগুলো একসঙ্গে উৎপাদনে ফিরলে ধানের চাহিদা বেড়ে যায়, কিন্তু বাজারে সরবরাহ সীমিত থাকায় ধানের দাম বাড়ে। এর সরাসরি প্রভাব পড়ে চালের দামে। তবে ঈদের লম্বা ছুটির পাশাপাশি কৃষকের উৎপাদন খরচ, মজুরি ও সেচ খরচ বৃদ্ধি, চাষাবাদযোগ্য জমির পরিমাণ কমে যাওয়া, অন্য পণ্য উৎপাদনে ঝুঁকে পড়া, আমদানির ওপর শুল্কারোপও চালের দাম বৃদ্ধিতে ভূমিকা রেখেছে বলে উঠে আসে ওই গবেষণায়। তারা চাল, আলু, পেঁয়াজ, ডিম ও ব্রয়লার মুরগি নিয়ে গবেষণাটি করেছে। ওই গবেষক দলের একজন সদস্য বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. রাসেল হাসান। তিনি ডয়চে ভেলেকে বলেন, "যেমন পেঁয়াজের বিষয়টি ধরুন। এর বাজার হলো পুরো প্রতিযোগিতামূলক। এখন আমরা ঈদুল আজহার ছুটির সময় দেখেছি একটা নির্দিষ্ট দিনে কৃষকরা বাজারে পেঁয়াজ বিক্রি করেন। কিন্তু ওই সময় পাইকারি বাজারে পেঁয়াজের ক্রেতা ছিল না। কৃষকরা দাম পায়নি। কিন্তু ছুটির পরে আবার চাহিদা বেড়ে গেছে। কিন্তু সরবরাহ ছিল কম। ফলে দাম অনেক বেড়ে গেছে। অন্যান্য কৃষিপণ্যের ক্ষেত্রেও তাই ঘটেছে"' তার কথা, "লম্বা ছুটি হলে কৃষিপণ্যের সাপ্লাই চেইন ভেঙে যায়। মিসম্যাচ হয়ে যায়। ফলে পরে দাম অনেক বেড়ে যায়। আমরা ওই পাঁচটি পণ্যে জরিপকালে কোনো মধ্যস্বত্বভোগী পাইনি। তারপরও মূল্যস্ফীতির ঘটনা ঘটেছে।" তার কথা, "যে-সব পণ্যের দাম প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার ওপর নির্ভর করে, সেইসব পণ্যের যদি সরবরাহ ব্যবস্থা বাধাগ্রস্ত হয়, তাহলে বাজার অস্থিতিশীল হয়ে পড়ে। লম্বা ছুটি নিয়মিত সরবরাহ ব্যবস্থাকে বাধাগ্রস্ত করে।" ঈদুল ফিতর উপলক্ষ্যে ২০২৫ সালের ২৮ মার্চ থেকে ৫ এপ্রিল পর্যন্ত টানা ৯দিনের ছুটি ছিল। আর সে বছর ঈদুল আজহায় ছুটি বেড়ে ১০ দিনে গিয়ে ঠেকে। ৫ জুন থেকে শুরু হওয়া সরকারি ছুটি শেষ হয়েছিল ১৪ জুন। এ ছুটির প্রভাবে বাজারে চাল, ডিম, মুরগি, সবজিসহ বিভিন্ন ভোগ্যপণ্যের তখন বেড়ে যায়। ঈদুল আজহার লম্বা ছুটির প্রভাবে মূল্যস্ফীতি বেড়ে যাওয়ার বিষয়টি বাংলাদেশ ব্যাংকের গবেষণায় উঠে এসেছে।

**মূল্যস্ফীতি বাড়ছে**

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে এরই মধ্যে জ্বালানি তেলের সংকট দেখা দিয়েছে। বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম এক-তৃতীয়াংশের বেশি বেড়েছে। বাংলাদেশের অভ্যন্তরীণ বাজারে এখনো জ্বালানি তেলের দাম বাড়ানো না হলেও, সংকট তৈরি হয়েছে। প্রথমে রেশনিং করা হয়। পরে রেশনিং তুলে দেওয়া হলেও বাস্তবে জ্বালানি তেলের পর্যাপ্ত সরবরাহ নাই। ফলে তেল পাম্পে লম্বা লাইন। আবার কোথাও কোথাও বন্ধ রাখা হয়েছে। দেশে ২০২২ সালের শুরু থেকেই মূল্যস্ফীতির হার উর্ধ্বমুখী হতে শুরু করে। ২০২৩ ও ২০২৪ সাল জুড়ে এ হার ছিল দুই অংকের ঘরে। ২০২৫ সালের মাঝামাঝি পর্যায়ে এসে মূল্যস্ফীতি নিম্নমুখী হয়। ওই বছরের অক্টোবরে সর্বনিম্ন ৮. ১৭ শতাংশে নামলেও এর পর থেকে মূল্যস্ফীতি আবারও উর্ধ্বমুখী। সর্বশেষ টানা চার মাস উর্ধ্বমুখী থেকে ফেব্রুয়ারিতে মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৯.১৩ শতাংশে, যা গত ১০ মাসের মধ্যে সর্বোচ্চ। খাদ্যপণ্যের দাম বাড়ার প্রভাবেই মূল্যস্ফীতিতে এ চাপ তৈরি হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। গত ১৫ দিনে বাজারে নিত্যপ্রয়োজনীয় অনেক পণ্যের দামই বেড়েছে। এর মধ্যে চালের দাম বেড়েছে কেজিপ্রতি ২-৫ টাকা। সোনালি মুরগির দাম কোনো কোনো বাজারে কেজিতে ৩৫০ টাকা ছাড়িয়েছে। আর ব্রয়লার মুরগি ২৫০ টাকার বেশি। উর্ধ্বমুখী ডিমের দামও। ডজনে বেড়েছে ১৫ টাকা। বাজারে বাড়ছে সব ধরনের সবজির দাম। দীর্ঘ ছুটিতে বড়ো শহরের মানুষ ঈদ উদ্‌যাপন করতে গ্রামে যাচ্ছেন। এতে শহরের তুলনায় বেশি দূরত্বে থাকা গ্রামে পণ্য পরিবহণ বেড়েছে। সঙ্গে বাড়ছে পরিবহণ ব্যয়।

তৈরি পোশাক প্রস্তুতকারী মালিকদের সংগঠন বিজিএমইএ-এর সাবেক পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, "লম্বা ছুটি আসলে সাপ্লাই চেইনকে বাধার মুখে ফেলে দেয়। এতে উৎপাদন যেমন বাধাগ্রস্ত হয়, তেমনি মূল্যস্ফীতিতে প্রভাব ফেলে। এবার কিন্তু এর সঙ্গে যুক্ত হয়েছে যুদ্ধ, যা জ্বালানি পরিস্থিতিকে অস্বাভাবিক করে তুলেছে। আমরা এখন হয়ত শুধু জ্বালানি সংকটের কথা বলছি। কিন্তু পুরো বিশ্বই নানা সংকটের মুখে পড়ছে। ওয়ার্ল্ড অর্ডারই পরিবর্তন হয়ে যাচ্ছে।" তিনি যোগ করেন, "এই ঈদের ছুটির দুইমাস আড়াই মাস পরই কিন্তু আবার ঈদুল আজহার আরেকটা লম্বা ছুটি আছে। ফলে আমরা পরপর দুইটি লম্বা ছুটিতে যাচ্ছি। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা হলো এই লম্বা ছুটির কারণে অর্ডার হারাচ্ছি। আগেও এটা হয়েছে। কিন্তু এবার নতুন পরিস্থিতিতে ভবিষ্যতে কী হয়, তা তো জানি না। ফলে অর্ডার নিতে পারলে কিছুটা স্বস্তিতে থাকতাম। আর ওভারঅল ইকোনমির কথা যদি বলেন, তাহলে এই সময়ে উৎপাদন ব্যাহত হবে। সাপ্লাই

কমে যাবে। ফলে মূল্যস্ফীতি বাড়বে,” বলেন তিনি। তবে তার মতে, “দুই ঈদের এই লম্বা ছুটি তো আমাদের একটা ঐতিহ্য, রেওয়াজ। সরকার চাইওলেও হঠাৎ করে এর পরিবর্তন করতে পারবে না। তবে ধীরে ধীরে আমাদের লম্বা ছুটির বিকল্প ভাবতে হবে।“ ব্যাংকার এবং অর্থনীতি বিশ্লেষক মামুন রশিদ বলেন, “লম্বা ছুটির প্রভাব যে নেতিবাচক, এটা বাংলাদেশ ব্যাংকের গবেষণায় স্পষ্ট। এর প্রভাব এরই মধ্যে পড়তে শুরু করেছে। লম্বা ছুটিতে যা হয় তা হলো, এই সময়ে উৎপাদন কমে।

দ্রব্যমূল্য বাড়ে এর কারণ হলো- সাপ্লাই চেইনে বিরাট একটা শিফট হয়। শহরের লোকগুলো গ্রামে চলে যায়। কিন্তু তাদের চাহিদা কমে না। তারা প্রচুর ক্যাশ টাকা নিয়ে যায়। তারা আরো ভালো খেতে চায়, গ্রামের লোকসহ। সাপ্লাই চেইনে ডিজরাপশনের ফলে মূল্যস্ফীতি হয়। সরকার যখন ৯-১০ দিন ছুটি ঘোষণা করে, সেটা কিন্তু প্রাইভেট সেক্টরসহ সব সেক্টর মানতে বাধ্য। এখন যারা ডিস্ট্রিবিউশন কোম্পানি চালায়, তারা লোক কোথায় পাবে? যারা প্রতিদিন উৎপাদন ও সরবরাহ করে, তারা কীভাবে উৎপাদন সচল রাখবে? সরকার তো সবার ঘরের মধ্যে ঢুকে পড়ে না। সে তো বলে না এই ছুটি আমার ১৪ লাখ লোকের (সরকারি কর্মচারী) জন্য। ফলে অর্থনীতিতে এর নেতিবাচক প্রভাব পড়ে।“ তার কথা, “জ্বালানি তেলের সংকট চলছে। আমদানি খরচ বাড়ছে। জ্বালানি তেল ছাড়াও বিভিন্ন খাতে সরকারের ভর্তুকি বাড়ছে। কিন্তু উৎপাদন , আয় বাড়ছে না। এটার প্রভাব তো বাজারে পড়া শুরু হয়েছে। যারা বলছেন, জ্বালানি তেল সাশ্রয়ের জন্য লম্বা ছুটি। ছুটির কারণে কি মানুষের বাড়ি যাওয়া বন্ধ হবে? যানবাহন কম চলবে? অনেকে পাকিস্তানের উদাহরণ দিচ্ছে। শ্রীলঙ্কার কথা বলছে। কিন্তু তারা আর আমরা তো এক না। আমরা তো একটা গ্রৌথ ইকোনমি। আমাদের সেভাবে দেখতে হবে। আপনি অংক করে দেখেন লম্বা ছুটির কারণে জ্বালানি সাশ্রয় হচ্ছে কী হচ্ছে না।”

**লম্বা ছুটির যৌক্তিকতা নিয়ে প্রশ্ন**

সিপিডির গবেষণা পরিচালক ড. খন্দকার গোলম মোয়াজ্জেম বলেন, “বাংলাদেশে লম্বা ছুটিগুলো কোনো ধরনের কার্যকারণ সম্পর্ক ছাড়া হচ্ছে কী না, সেটা বিবেচনা করতে হবে। বাংলাদেশে ঈদের ছুটিগুলো লম্বা হয়। কারণ গ্রামে যাওয়া, ফিরে আসা। একইসঙ্গে ছুটি কম হলে তাড়াহুড়োর কারণে দুর্ঘটনা বাড়ে। ফলে এর একটা সামাজিক গুরুত্ব আছে। কিন্তু আমার মনে হয়, সেটা পাঁচদিনের বেশি হওয়া ঠিক নয়।” তার কথা, “তবে হ্যাঁ, বাংলাদেশে বিশ্বের মধ্যে অন্যতম দীর্ঘ ছুটি প্রদানকারী একটি দেশ। সাধারণ ছুটি ছাড়াও বছরে ২০-২২ দিন অতিরিক্ত ছুটি দেওয়া হয়। এটা বেশি ছুটি দেওয়ার হিসাবে বাংলাদেশ বিশ্বের সপ্তম বৃহত্তম ছুটি প্রদানকারী দেশ। এর একটি নেতিবাচক অর্থনৈতিক প্রভাব আছে। সেক্ষেত্রে অ্যাডজাস্ট করার একটা কৌশল নেওয়া যায়। সব উৎসবেই লম্বা ছুটি না দিয়ে উদ্‌যাপনের একটা কৌশল নেওয়া যেতে পারে। উন্নত দেশগুলোতে বড়ো কোনো ছুটিকে অন্য ছুটির সাথে অ্যাডজাস্ট করা হয়। লম্বা ৯-১০ দিনের ছুটি আমার কাছে যৌক্তিক মনে হয় না। মূল্যস্ফীতিসহ এর নানা ধরনের নেতিবাচক প্রভাব আছে। গত বছরও কোরবানির ঈদে লম্বা ছুটি নিয়ে নানা সমালোচনা হয়েছে।” যুদ্ধের গতি প্রকৃতি যা, তাতে জ্বালানি তেলের সংকট তৈরি হয়েছে। তেলের সংকট এবং উচ্চমূল্য দুই কারণেই পরিবহণ ব্যয় বেড়ে যাচ্ছে। ফলে আমদানি করা পণ্যের ওপর এর প্রভাব পড়বে, দাম বাড়বে। তবে সরকারের খেয়াল রাখতে হবে, এটাকে ব্যবহার করে কোনো গোষ্ঠী যেন যৌক্তিকতার বাইরে পণ্যমূল্য না বাড়ায়। আরেকটি বিষয় হলে এই অজুহাতে দেশে উৎপাদিত পণ্যের দামও বাড়তে পারে। এটা ঠেকাতে হলে দীর্ঘমেয়াদি পরিকল্পনা দরকার। আর ডিজেলের দাম বাড়লেও সরকার কৃষিতে ডিজেলের ভর্তুকি অব্যাহত রাখলে কৃষি উৎপাদনের খরচ বাড়বে না। কিন্ত সারের সংকট আছে। সরকার সার আমদানির উদ্যোগ নিয়েছে। কিন্তু সারের দাম বাড়লে কৃষিপণ্যের উৎপাদন খরচ বাড়বে। দামও বাড়বে,” বলেন এই অর্থনীতিবিদ। তার কথা, “এখন প্রত্যেকটি পর্যায়ে তদারকি দরকার, ছুটি থেকে শুরু করে, আমদানি, উৎপাদন, জ্বালানি সবক্ষেত্রে।”

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রুবাইয়া)

## লারিজানির মৃত্যুর বদলা নেওয়া হবে : খামেনেই

দুইদিন আগেই ইসরায়েল দাবি করেছিল ইরানের নিরাপত্তা প্রধান আলী লারিজানিকে হত্যা করা হয়েছে। ইরান তা স্বীকার করে নিয়েছে। বুধবার দেশের বর্তমান সুপ্রিম লিডার মোজতবা খামেনেই জানিয়েছেন, লারিজানির মৃত্যু বৃথা যাবে না। যারা একাজ করেছে, তাদের এর খেসারত দিতে হবে। ইরান এর বদলা নেবে। শুধু লারিজানি নয়, ইসরায়েল দাবি করেছে, আরেকটি বিমান হামলায় ইরানের গোয়েন্দা মন্ত্রী এসমাইল খাতিবের মৃত্যু হয়েছে। ইরান এই মৃত্যুর সত্যতাও স্বীকার করেছে। বস্তুত, বুধবার থেকে ইরান নতুন করে মিসাইল আক্রমণ শুরু করেছে। ইসরায়েল লক্ষ্য করে এই হামলা চালানো হয়েছে। মধ্য ইসরায়েলে এক বিদেশি শ্রমিকের মৃত্যু হয়েছে বলে ইসরায়েল জানিয়েছে। অন্যদিকে, বৈরুতে ইসরায়েল পাল্টা আক্রমণ চালিয়েছে। সেখানে ১২ জনের নিহত হওয়ার কথা জানা গেছে। ইসরায়েল জানিয়েছে, ওয়েস্ট ব্যাংকেও ইরানের মিসাইল আঘাত হেনেছে। সেখানে অন্তত তিনজন ফিলিস্তিনির মৃত্যু হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রুবাইয়া)

## লারিজানিকে হত্যা ‘অগ্রহণযোগ্য’ : চীন

ইরানের জাতীয় নিরাপত্তা প্রধান আলী লারিজানির হত্যাকাণ্ডকে ‘অগ্রহণযোগ্য’ বলে এ হত্যাকাণ্ডের নিন্দা জানিয়েছে চীন। লারিজানি গত মঙ্গলবার ইসরায়েলের বিমান হামলায় নিহত হন। আজ বৃহস্পতিবার চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের

মুখপাত্র লিন জিয়ান বলেন, বেইজিং ইরানের রাষ্ট্রনেতা ও বেসামরিক নাগরিকদের ওপর এ হামলার নিন্দা জানায়। লিন আরো বলেন, "চীন সংশ্লিষ্ট পক্ষগুলোকে অবিলম্বে সামরিক অভিযান বন্ধ করার এবং আঞ্চলিক পরিস্থিতিকে নিয়ন্ত্রণের বাইরে যেতে না দেওয়ার আহ্বান জানাচ্ছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## আপাতত যমুনায় উঠছেন না প্রধানমন্ত্রী

আপাতত রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় উঠছেন না প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন, আপাতত রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় উঠছেন না প্রধানমন্ত্রী। গুলশানের বাসভবনে থাকতেই স্বাচ্ছন্দ্যবোধ করছেন তিনি। রুমন বলেন, ঈদুল ফিতরের দিন সকাল ৮টায় রাজধানীর জাতীয় ঈদগাহে ঈদের নামাজ আদায় করবেন প্রধানমন্ত্রী। নামাজ শেষে সকাল ১০টা থেকে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় দেশের বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## খুলনায় ঘরে ঢুকে একই পরিবারের ৪ জনকে গুলি

খুলনায় ঘরে ঢুকে একই পরিবারের চারজনকে গুলি করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার সকালে লবণচরা থানাধীন খাদিজাবাগ কৃষ্ণনগর ঠিকরাবাদ এলাকায় এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে দুইজনের অবস্থা আশঙ্কাজনক। আহতরা হলেন- কাজী আনিসুর রহমান, তার স্ত্রী রঞ্জুয়ারা বেগম, ছেলে রাইছুল ইসলাম ও তার ছোটো ছেলে রাশিদুলের স্ত্রী ফাহিমা। এদের মধ্যে রঞ্জুয়ারা বেগম ও ছেলের স্ত্রী ফাহিমাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, কাজী আনিসুরের ছোটো ছেলে রাশিদুল মাদক নিয়ন্ত্রণ আইনের একটি মামলায় তিন বছর আগে কারাগারে যান। সেখানে ইমরান নামে একজনের সঙ্গে পরিচয় হয়। পরিচয়ের সুবাদে রাশিদুল তার বাড়িতে আসা-যাওয়া করতেন। এ সুযোগে ইমরানের স্ত্রী ফাহিমার সঙ্গে সুসম্পর্ক গড়ে ওঠে। ছয় মাস আগে ইমরান পুনরায় একটি মামলায় কারাগারে গেলে রাশিদুল ফাহিমাকে বিয়ে করেন। এ ঘটনা শুনে ক্ষুব্ধ হন ইমরান এবং প্রতিশোধ নেওয়ার চেষ্টা করেন। এরই এক পর্যায়ে বৃহস্পতিবার সকালে এ হামলার ঘটনা ঘটান ইমরান। স্থানীয়রা তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## যমুনা সেতুতে যানজট এড়াতে ঢাকামুখী লেন বন্ধ রেখে গাড়ি পারাপার

ঈদুল ফিতরের ঘরমুখো মানুষের চাপে যমুনা সেতুতে সৃষ্টি হয়েছে নজিরবিহীন যানজট। সেতুর ওপর একের পর এক ১৫টি যানবাহন বিকল হয়ে পড়ায় সেতুর পূর্ব প্রান্তে অন্তত ২৫ কিলোমিটার দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বৃহস্পতিবার বেলা ১১টা ৪০ মিনিট থেকে দুপুর সোয়া ১টা পর্যন্ত সেতুকে 'একমুখী' করে, দুই লেন দিয়ে উত্তরবঙ্গগামী যানবাহন পার করা হয়। দুপুর দেড়টার দিকে এই প্রতিবেদন লেখার সময় পর্যন্ত সেতুর পশ্চিম টোল প্লাজার ঢাকামুখী লেনে প্রায় দেড় কিলোমিটার যানবাহনের সারি ছিল। তবে সেতুর পূর্ব প্রান্তে উত্তরবঙ্গগামী লেনে যানজট থাকলেও, পশ্চিম পাড়ে নেই। যমুনা সেতুর সাইড অফিসের নির্বাহী প্রকৌশলী সৈয়দ রিয়াজ উদ্দিন জাগো নিউজকে বলেন, রাত ১২টা থেকে সকাল ১০ পর্যন্ত সেতুর ওপর ১৫টি গাড়ি বিকল হয়ে পড়েছিল। এ কারণে সেতুর পূর্ব প্রান্তে উত্তরবঙ্গগামী লেনে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে এ যানজট এড়াতে একমুখী করে দুই লেন দিয়ে যানবাহন উত্তরবঙ্গের দিকে পার করানো হয়। এখন গাড়ি দ্রুত সেতু পার হয়ে যাচ্ছে। ফলে দ্রুত সময়ের মধ্যে সেতুতে যান চলাচল স্বাভাবিক হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## ঢাকায় হবে ১৭৭১ ঈদ জামাত, নিরাপত্তা নিয়ে কোনো শঙ্কা নেই : ডিএমপি কমিশনার

রাজধানীর ১২১টি ঈদগাহ ও ১৫৯৯টি মসজিদে মোট ১৭৭১টি ঈদ জামাত অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন, ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার। একইসঙ্গে ঈদ জামাত ঘিরে কোনো নিরাপত্তার শঙ্কা নেই জানিয়ে তিনি বলেছেন, বিভিন্ন গোয়েন্দাদের তথ্য অনুযায়ী 'যথেষ্ট প্রস্তুতি' রয়েছে। বৃহস্পতিবার জাতীয় ঈদগাহ ময়দানের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা জানান। মো. সরওয়ার বলেন, বরাবরের মতো এবারও জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায় অনুষ্ঠিত হবে। যেখানে ৩৫ হাজারেরও বেশি মুসল্লি নামাজ আদায় করবেন। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে মোট পাঁচটি ঈদ জামাত হবে। প্রথম জামাত শুরু হবে সকাল ৭টায়।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৩.২০২৬ আসাদ)

## চাঁদপুরে ৭ মুসল্লি নিয়ে হয়ে গেল ঈদের জামাত, এলাকায় চাঞ্চল্য

সাধারণত, সৌদি আরবের সঙ্গে মিল রেখে চাঁদপুর জেলার অর্ধশতাধিক গ্রামে প্রতি বছর ঈদুল ফিতর ও ঈদুল আজহা উদ্‌যাপন হয়ে থাকে। তবে চলতি বছর ঘটেছে এক ব্যতিক্রমী ঘটনা। চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় মাত্র ৭ জন মুসল্লি নিয়ে আনুষ্ঠানিকভাবে দুইদিন আগেই ঈদুল ফিতরের নামাজ আদায় করা হয়েছে, যা এলাকায় ব্যাপক আলোচনা ও কৌতূহলের জন্ম দিয়েছে। বৃহস্পতিবার সকালে হাজীগঞ্জ উপজেলার বড়কুল পশ্চিম ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে মাইকে 'ঈদ মোবারক' ঘোষণা দিয়ে একটি ছোটো জামাতের মাধ্যমে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়। স্থানীয়ভাবে পরিচিত, সাদ্রা দরবার শরিফের মরহুম পীর মওলানা ইসহাক (রহ.) এর ছেলে মওলানা আবু বকর সিদ্দিকের অনুসারীরা এই

নামাজে অংশ নেন। জামাতে অংশগ্রহণকারী মুসল্লি সংখ্যা ছিল মাত্র ৭ জন। জানা যায়, মধ্যপ্রাচ্যের চেয়েও একদিন আগে ঈদ উদ্‌যাপনের এই সিদ্ধান্ত নেওয়া হয় আন্তর্জাতিকভাবে চাঁদ দেখার তথ্যের ভিত্তিতে। বিশেষ করে, আফগানিস্তানসহ পশ্চিম আফ্রিকার দেশ মালি ও নাইজারে চাঁদ দেখার খবরকে কেন্দ্র করে তারা এই সিদ্ধান্তে উপনীত হন। ওই দেশগুলোর সঙ্গে মিল রেখে প্রথমবারের মতো চাঁদপুরের এই অংশে আগাম ঈদ উদ্‌যাপন করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## কাতারে হামলা, সবচেয়ে বেশি গ্যাস সংকটে পড়বে বাংলাদেশ-ভারত-পাকিস্তান

কাতারের গুরুত্বপূর্ণ গ্যাস স্থাপনায় ইরানি ক্ষেপণাস্ত্র হামলার পর সবচেয়ে বড়ো ধাক্কা খেতে পারে দক্ষিণ এশিয়ার দেশগুলো; বিশেষ করে- বাংলাদেশ, ভারত ও পাকিস্তান। কারণ, এসব দেশ তাদের তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি সরবরাহের বড়ো অংশের জন্য কাতারের ওপর নির্ভরশীল ও এই দেশগুলোর মজুতও সীমিত। ১২ ঘণ্টারও কম সময়ের মধ্যে ইরানের ক্ষেপণাস্ত্র কাতারের রাস লাফান ইন্ডাস্ট্রিয়াল সিটিতে দুই দফা আঘাত হানে, যার ফলে উপসাগরীয় এই গুরুত্বপূর্ণ জ্বালানি কেন্দ্রটিতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান কাতার এনার্জি পরিচালিত রাস লাফানকে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এলএনজি কেন্দ্র হিসেবে বিবেচনা করা হয়। এখানে গ্যাস পরিবহণ, প্রক্রিয়াজাতকরণ ও বন্দর সুবিধা একত্রে রয়েছে। কাতার বিশ্বব্যাপী মোট এলএনজি সরবরাহের প্রায় ২০ শতাংশ রপ্তানি করে, যা যুক্তরাষ্ট্রের পরই দ্বিতীয় বৃহত্তম রপ্তানিকারক। আবার প্রায় পুরো গ্যাসই এই রাস লাফান থেকে পাঠানো হয়। মার্চের শুরু থেকেই হরমুজ প্রণালির কার্যত বন্ধ হয়ে যাওয়ায় এলএনজি ও অন্যান্য পণ্যের উৎপাদন স্থগিত রয়েছে। এর সঙ্গে উৎপাদন স্থাপনাগুলোর বড়ো ধরনের ক্ষয়ক্ষতি যুক্ত হওয়ায় কেন্দ্রটি পুনরায় চালু করতে আরও দীর্ঘ সময় লাগতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## দুর্ভোগের মহাসড়কে স্বস্তিতে বাড়ি ফিরছে মানুষ

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার ১০৪ কিলোমিটার সড়কের কোথাও ভোগান্তি নেই। গত দুইদিনের তুলনায় যাত্রীবাহী যানবাহনে চাপ কিছুটা কমলেও, ব্যক্তিগত পরিবহণের সংখ্যা তুলনামূলক বেশি। এতে স্বস্তি প্রকাশ করেছেন চালক ও যাত্রীরা। অথচ বিগত সময়ে ঈদযাত্রায় ব্যস্ততম এই মহাসড়কে তীব্র যানজটে পড়ে ঘরমুখো মানুষ দুর্ভোগে পড়তে দেখা গেছে। বৃহস্পতিবার সকাল থেকে দুপুর ১টা পর্যন্ত মহাসড়কের চৌদ্দগ্রাম থেকে দাউদকান্দি টোল প্লাজা পর্যন্ত বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে এ চিত্র। সরেজমিনে দেখা গেছে, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার অংশ অনেকটাই ফাঁকা। যাত্রীবাহী পরিবহণের সংখ্যা গত কয়েক দিনের তুলনায় কিছুটা কমেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস ও হায়েস গাড়ির সংখ্যা বেশি দেখা গেছে। এছাড়া যানজটপ্রবণ এলাকাগুলোতেও কোনো যানজট নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## গাবতলীতে কৃত্রিম টিকিট সংকট, বাড়তি ভাড়ার ফাঁদে যাত্রী

ঈদের ছুটিতে গণপরিবহণের টিকিট সংকট আর বাড়তি ভাড়া আদায় যেন নিয়মে পরিণত হয়েছে। প্রতি বছরের মতো এবারও এসব সংকটের মুখে পড়েছেন ঘরমুখো মানুষ। বিশেষ করে, বেশি ভোগান্তিতে পড়েছেন স্বল্প দূরত্বের যাত্রীরা। তাদের অভিযোগ, টিকিটের কৃত্রিম সংকট দেখিয়ে দ্বিগুণ ভাড়া আদায় করা হচ্ছে। বৃহস্পতিবার গাবতলী বাস টার্মিনাল ঘুরে এমন চিত্র দেখা গেছে। গাবতলীতে দেখা গেছে, টিকিটের জন্য এক কাউন্টার থেকে আরেক কাউন্টারে খোঁজ করছেন স্বল্প দূরত্বের অনেক যাত্রী। যাত্রীর চাপ থাকায় স্বল্প দূরত্বের এসব যাত্রীর কাছ থেকে একই রুটের শেষ গন্তব্যের টিকিটের ভাড়া আদায় করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## অতিরিক্ত যাত্রী রোধে কঠোর প্রতিমন্ত্রী, দাঁড়িয়ে থেকেই ছাড়লেন লঞ্চ

ঈদযাত্রা কেন্দ্র করে রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনালে উপচে পড়া ভিড়ের মধ্যেই অতিরিক্ত যাত্রী বোঝাই ঠেকাতে সরাসরি মাঠে নেমেছেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী রাজিব আহসান। নিজে উপস্থিত থেকে একাধিক লঞ্চ পরিদর্শন করে অতিরিক্ত চাপ থাকা নৌযানগুলোকে দ্রুত ঘাট ছাড়ার নির্দেশ দেন তিনি। পবিত্র ঈদুল ফিতর সামনে রেখে ঘরমুখো মানুষের ঢল নেমেছে দেশের দক্ষিণাঞ্চলগামী নৌপথে। এরই মধ্যে, রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনালে যাত্রীদের নিরাপদ যাত্রা নিশ্চিত করতে সক্রিয় ভূমিকা নিতে দেখা গেছে নৌপরিবহণ প্রতিমন্ত্রী রাজিব আহসানকে। বৃহস্পতিবার সকালে তিনি সদরঘাটের বিভিন্ন পন্টুনে গিয়ে সরেজমিন পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। এসময় বেশ কয়েকটি লঞ্চ অতিরিক্ত যাত্রী নেওয়ার অপেক্ষায় থাকলেও, প্রতিমন্ত্রীর নির্দেশে সেগুলোকে আর দেরি না করে দ্রুত গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে দেওয়া হয়। প্রতিমন্ত্রী নিজেই একাধিক লঞ্চে উঠে যাত্রীসংখ্যা যাচাই করেন। যেখানে যাত্রীর চাপ তুলনামূলক বেশি ছিল, সেসব লঞ্চকে ঘাটে অবস্থান করতে না দিয়ে তাৎক্ষণিকভাবে ছেড়ে দেওয়ার নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## বান্দরবানে পাহাড়ের পাদদেশে মিললো মা-মেয়ের মরদেহ

বান্দরবান পৌরসভার কানাপাড়া এলাকা থেকে মা-মেয়ের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৯ মার্চ) দুপুরে বান্দরবান পৌরসভার মেঘলা লালমোহন বাগান এলাকা থেকে মরদেহ দুটি উদ্ধার করা হয়। নিহত রমেসিং তঞ্চগ্যা ও তার মেয়ে বৃষ্টি মার্মা মেঘলা কানা পাড়া এলাকার বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল রাত থেকে

রমেসিং তঞ্চগ্যা ও তার মেয়ে বৃষ্টি মারমাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। অনেক খোঁজাখুঁজির এক পর্যায়ে সকালে মেঘলা লালমোহন বাগান তঞ্চঙ্গ্যা পাড়ার উঁচু এক পাহাড়ের নিচে পড়ে থাকতে দেখা যায় তাদের। পরে স্থানীয়রা পুলিশকে জানালে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আজ দুপুরে স্থানীয়দের সহায়তায় মরদেহ দুইটি বান্দরবান সদর হাসপাতালের মর্গে পাঠায়। পাহাড়ের চূড়া থেকে পড়ে মা-মেয়ের মৃত্যু হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করছেন স্থানীয়রা। তবে ঘটনার প্রকৃত রহস্য উদ্‌ঘাটন করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান এলাকাবাসী।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ আসাদ)

## চাঁদ দেখা যায়নি, ঈদ শনিবার

বৃহস্পতিবার সন্ধ্যায় দেশের আকাশে শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে শনিবার (২১ মার্চ) মুসলমানদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে। রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি ও ধর্ম বিষয়কমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)। এবার মুসলমানদের সিয়াম সাধনার মাস রমজানের ৩০ দিন পূর্ণ হচ্ছে। রমজান শেষে শাওয়াল মাসের প্রথম দিন মুসলমানরা ঈদুল ফিতর উদ্‌যাপন করেন। সভায় ধর্মমন্ত্রী জানান, সব জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়, আবহাওয়া অধিদপ্তর, মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্র থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, বাংলাদেশের আকাশে হিজরি ১৪৪৭ সনের শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। শুক্রবার (২০ মার্চ) রমজান মাসের ৩০ দিন পূর্ণ হচ্ছে। শনিবার (২১ মার্চ) শাওয়াল মাসের প্রথম দিন দেশে ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## ঈদ সামনে রেখে চট্টগ্রামে নিরাপত্তা জোরদার, র‍্যাবের টহল-নজরদারি বৃদ্ধি

পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে চট্টগ্রাম মহানগরী ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করেছে র‍্যাব-৭। ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন ও নগরবাসীর জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ এলাকায় টহল ও গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। র‍্যাব জানায়, নগরের অলংকার, একে খান বাসস্ট্যান্ড এবং ঢাকা-চট্টগ্রাম মহাসড়কসহ জনবহুল এলাকায় বিশেষ নজরদারি রাখা হচ্ছে। এসব স্থানে নিয়মিত চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালানো হচ্ছে। ডাকাতি, ছিনতাই, চুরি, 'মলম পার্টি' ও 'অজ্ঞান পার্টির' মতো অপরাধ প্রতিরোধে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া, ঈদযাত্রাকে কেন্দ্র করে বাসের টিকিট সিন্ডিকেট, কালোবাজারি ও অতিরিক্ত ভাড়া আদায়ের মতো অভিযোগ ঠেকাতে মাঠে কাজ করছে র‍্যাব। র‍্যাব কর্মকর্তারা বলেন, ঈদের সময় নগরের অনেক বাসাবাড়ি ও বিপণিবিতান ফাঁকা হয়ে যায়। এ সুযোগে যেন কোনো ধরনের অপরাধ বা নাশকতা না ঘটে, সেজন্য বিভিন্ন এলাকায় টহল বাড়ানো হয়েছে। পাশাপাশি, সাদা পোশাকে গোয়েন্দা নজরদারিও জোরদার করা হয়েছে। যাত্রীদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে র‍্যাব বলছে, ভ্রমণের সময় অপরিচিত ব্যক্তির দেওয়া খাবার বা পানীয় গ্রহণ না করতে এবং অজ্ঞান পার্টির বিষয়ে সচেতন থাকতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## চন্দনাইশে সালাহউদ্দিন হত্যা মামলার প্রধান আসামি গ্রেফতার

চট্টগ্রামের চন্দনাইশে সালাহউদ্দিন নামের এক যুবককে ছুরিকাঘাতে হত্যা মামলার প্রধান আসামি মো. হানিফকে (২৮) গ্রেফতার করেছে র‍্যাব। বুধবার (১৮ মার্চ) বিকেলে কুমিল্লার সদর দক্ষিণ উপজেলার পিপুলিয়া এলাকা থেকে যৌথ অভিযানে তাকে গ্রেফতার করা হয়। র‍্যাব জানায়, গ্রেফতার হানিফ চট্টগ্রামের চন্দনাইশ উপজেলার দিয়াকুল এলাকার বাসিন্দা। মামলার তথ্য অনুযায়ী, নিহত সালাউদ্দিন কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার নয়াপাড়া এলাকার বাসিন্দা এবং পেশায় নির্মাণ শ্রমিক ছিলেন। তার সঙ্গে হানিফের দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। ১৩ মার্চ রাত ৯টার দিকে চন্দনাইশ এলাকায় একটি বাড়িতে গেলে সালাহউদ্দিনের সঙ্গে হানিফের কথা-কাটাকাটি হয়। এক পর্যায়ে হানিফ ছুরি দিয়ে সালাহউদ্দিনের পেটে আঘাত করলে তিনি গুরুতর আহত হন। পরে তাকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হলে পরদিন (১৪ মার্চ) সকাল সাড়ে ৮টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## মগবাজারে সংবাদকর্মীর ওপর হামলার ঘটনায় মামলা

রাজধানীর মগবাজারে ইকবাল হোসেন নামের একজন গণমাধ্যমকর্মীর ওপর হামলার ঘটনায় হাতিরঝিল থানায় মামলা হয়েছে। বৃহস্পতিবার (১৯ মার্চ) হাতিরঝিল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মর্তুজা এ তথ্য নিশ্চিত করেন। আসামিরা হলো- আলীম (২৫), মো.জাহিদুল ইসলাম (৩০), মেহেদী (১৯)। এছাড়াও অজ্ঞাতনামা ৫ থেকে ৬ জন। গোলাম মর্তুজা বলেন, গণমাধ্যমকর্মী ইকবাল হোসেনের ওপর হামলার ঘটনায় একটি মামলা হয়েছে। মামলায় ৩ জনের নাম উল্লেখসহ আরও অজ্ঞাতনামা কয়েকজনকে আসামি করা হয়েছে। আসামি ধরতে চেষ্টা চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## ঈদের দিন সব বিভাগেই ঝড়-বৃষ্টি হতে পারে

মুসলমানদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপিত হবে আগামী শনিবার (২১ মার্চ)। ঈদের দিন দেশের আট বিভাগেই কোনো না কোনো অঞ্চলে বৃষ্টি এবং সঙ্গে কালবৈশাখি ঝড় হতে পারে। বৃহস্পতিবার (১৯ মার্চ) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। গত দু-একদিন ধরে সারাদেশে কম-বেশি বৃষ্টি হচ্ছে। সঙ্গে রয়েছে কালবৈশাখি ঝড়। এ ধারা আগামী কয়েকদিন অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## ঈদের পর এনসিপিতে যোগ হচ্ছে আরও দুই সহযোগী সংগঠন

রাজনৈতিক পরিসরে নিজেদের সাংগঠনিক বিস্তার আরও শক্তিশালী করার উদ্যোগ নিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। ঈদের পরপরই গঠিত হবে নতুন দুটি সহযোগী সংগঠন। 'জাতীয় কৃষক শক্তি' ও 'জাতীয় স্বেচ্ছাসেবক শক্তি' নামে সংগঠন দুটি আনুষ্ঠানিক আত্মপ্রকাশ করতে পারে বলে খবর দলীয় সূত্রের। দলের একাধিক শীর্ষ নেতা জাগো নিউজকে জানান, ইতোমধ্যে দলীয় ফোরামে এ দুই সংগঠনের প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। কৃষিখাতের সঙ্গে সংশ্লিষ্ট মানুষ এবং সামাজিক ও মানবিক কার্যক্রমে যুক্ত স্বেচ্ছাসেবীদের সংগঠিত করতেই এ উদ্যোগ নেওয়া হচ্ছে। এর মাধ্যমে দলটি বিভিন্ন পেশাভিত্তিক মানুষের অংশগ্রহণ আরও বাড়াতে চায়। নেতারা বলছেন, দেশের বৃহৎ একটি জনগোষ্ঠী কৃষির সঙ্গে সম্পৃক্ত হলেও রাজনৈতিক কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ তুলনামূলক কম। কৃষক শক্তি গঠনের মাধ্যমে এই খাতের মানুষের দাবি-দাওয়া তুলে ধরে তাদের সরাসরি সম্পৃক্ত করার পরিকল্পনা রয়েছে। একইভাবে স্বেচ্ছাসেবক শক্তি সামাজিক কার্যক্রম, দুর্যোগ মোকাবিলা ও জনসেবামূলক উদ্যোগে সক্রিয় ভূমিকা রাখবে। এর আগে, এনসিপি ছাত্রশক্তি, যুবশক্তি, শ্রমশক্তি ও নারীশক্তি নামে চারটি সহযোগী সংগঠন গঠন করে। নতুন দুটি সংগঠন যুক্ত হলে দলটির সাংগঠনিক কাঠামো আরও বিস্তৃত ও শক্তিশালী হবে বলে মনে করছেন দলের নেতা-কর্মীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## তিস্তায় ইউপি চেয়ারম্যান-পুলিশের ওপর পাথর উত্তোলনকারীদের হামলা

তিস্তা নদীতে অবৈধভাবে পাথর উত্তোলনকে কেন্দ্র করে নীলফামারীর ডিমলায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পুলিশসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। বৃহস্পতিবার (১৯ মার্চ) দুপুরে পূর্বখড়িবাড়ি তিস্তাপাড় এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলেন- ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম শাহিন, ইউনিয়ন জামায়াতের সাবেক আমির আফসার আলি, টেপাখরিবাড়ী এলাকার আলিমুদ্দিনের ছেলে আনোয়ার হোসেন, লোকমান হাকিম, পুলিশ সদস্য রবিউল ইসলাম ও ঠাকুরদাসসহ ২০ জন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে ডিমলা হাসপাতালে ভর্তি করেন। পরে ইউপি চেয়ারম্যানসহ সাতজনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## এবারের ঈদ অত্যন্ত শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে হবে : র‍্যাব

এবারের ঈদ অত্যন্ত শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে হবে বলে আশ্বস্ত করেছেন র‍্যাবের ভারপ্রাপ্ত মহাপরিচালক কর্নেল ইফতেখার আহমেদ। তিনি বলেন, আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে জাতীয় ঈদগাহ ময়দানসহ সব ঈদগাহ ময়দান, বাস টার্মিনাল, রেলস্টেশন, লঞ্চঘাটসহ যে-সব জায়গায় জনসমাগম হয়, এমন সব জায়গায় সাদা পোশাকে র‍্যাবের গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। বৃহস্পতিবার (১৯ মার্চ) জাতীয় ঈদগাহ ময়দানের নিরাপত্তা পরিদর্শন শেষে এক সংবাদ সম্মেলনে তিনি এসব বলেন। ইফতেখার আহমেদ বলেন, আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে জনগণের নিরাপত্তা নিশ্চিতে র‍্যাবের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রতিটি গুরুত্বপূর্ণ পয়েন্টে র‍্যাবের অতিরিক্ত সদস্য মোতায়েন করা হয়েছে। বিশেষ করে জাতীয় ঈদগাহ ময়দানসহ সব ঈদগাহ ময়দান, বাস টার্মিনাল, রেল স্টেশন, লঞ্চঘাটসহ যে-সব জায়গায় জনসমাগম হয়, এসব জায়গায় র‍্যাবের নিরাপত্তা জোরদার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্য পরিস্থিতিতে সমুদ্রপথের নিরাপত্তা নিয়ে বাংলাদেশের উদ্বেগ

মধ্যপ্রাচ্যের চলমান সংকটের কারণে সমুদ্রপথে জাহাজ চলাচলের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। একইসঙ্গে বৈশ্বিক নৌ-বাণিজ্য নিরাপদ ও নিরবচ্ছিন্ন রাখতে কূটনৈতিক উদ্যোগ জোরদারের আহ্বান জানানো হয়েছে। লন্ডনে আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার কাউন্সিলের ৩৬তম বিশেষ অধিবেশনে বাংলাদেশ এ অবস্থান তুলে ধরে। বৃহস্পতিবার (১৯ মার্চ) লন্ডনে অবস্থিত বাংলাদেশ হাইকমিশন এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতি ও বিশ্বজুড়ে এর নেতিবাচক প্রভাব নিয়ে আলোচনার জন্য আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা এ জরুরি সভার আয়োজন করেছে। অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন ডেপুটি হাইকমিশনার নজরুল ইসলাম। আলোচনায় অংশ নিয়ে নজরুল ইসলাম বলেন, যুদ্ধকবলিত অঞ্চলে চলাচলকারী জাহাজে কর্মরত বাংলাদেশি নাবিকসহ বিশ্বের সব সমুদ্রকর্মীদের নিরাপত্তা ও কল্যাণ নিয়ে বাংলাদেশ গভীরভাবে উদ্‌বিগ্ন। আন্তর্জাতিক আইন ও জাতিসংঘের

সমুদ্র আইনবিষয়ক কনভেনশন অনুযায়ী সব ধরনের নৌযানের অবাধ ও বৈধ চলাচলের প্রতি বাংলাদেশ তার সমর্থন পুনর্ব্যক্ত করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

**উত্তরা স্কয়ারে ভাঙচুর ও লুটপাটের ঘটনায় গ্রেফতার ১১ জন কারাগারে**

রাজধানীর উত্তরা এলাকায় 'উত্তরা স্কয়ার শপিং ও কমার্সিয়াল কমপ্লেক্সে' ঘটে যাওয়া ভাঙচুর ও লুটপাটের ঘটনায় গ্রেফতার ১১ জনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত। মঙ্গলবার দুই দিনের রিমান্ড শেষে বৃহস্পতিবার (১৯ মার্চ) তাদের আদালতে হাজির করা হয়। মামলার তদন্তকারী কর্মকর্তা জানান, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত আসামিদের কারাগারে রাখা জরুরি। শুনানি শেষে ম্যাজিস্ট্রেট নাজমিন আক্তার তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলার তথ্য অনুযায়ী, ১৫ মার্চ রাত সাড়ে ৯টার দিকে উত্তরা পশ্চিম থানার ১৩ নম্বর সেক্টরের সোনারগাঁও জনপদ রোডে এক রিকশাচালক ও নিরাপত্তা রক্ষীর মধ্যে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। এরপর ১৫-২০ জন অজ্ঞাত পরিচয়ের রিকশাচালক, নিরাপত্তারক্ষী ও কমপ্লেক্সের কর্মীদের ওপর চড়াও হয়ে মারধর করে গুরুতর জখম করেন। ঘটনাকে কেন্দ্র করে প্রায় ৬০০-৭০০ জন উত্তেজিত মানুষ লাঠিসোঁটা ও রড নিয়ে কমপ্লেক্সে ঢুকে গ্লাস ভাঙচুর করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৩.২০২৬ রিহাব)

# BBC

**STARMER MEETS NIGERIAN PRESIDENT AS RECORD STEEL DEAL AGREED**

Prime Minister Sir Keir Starmer has met Nigerian President Bola Ahmed Tinubu at Downing Street, as the two countries agreed a record-breaking steel deal. Under the agreement, British Steel will supply 1,20,000 tonnes of steel to refurbish two major ports in Lagos, with the contract worth £70m. Sir Keir Starmer hailed the president's state visit - the first by a leader of a west African nation in 37 years - as "historic". On Wednesday, the King hosted a spectacular state banquet at Windsor Castle for the president and first lady, praising the strength of the ties between the two nations. (BBC News Web Page: 19/03/26, FARUK)

**IRANIAN ATTACKS NEED TO STOP IMMEDIATELY: QATAR'S PM**

From Qatar's PM who highlights "the importance of an immediately stop" of Iranian attacks on the region and the need for de-escalation. He gives his thanks to Turkey for supporting the state of Qatar and stability and safety in the region.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

**STRIKE ON QATAR'S RAS LAFFAN ONLY EMPLOYED A FRACTION OF IRAN'S POWER: FM**

Iran's Foreign Minister Abbas Araghchi says the attack on Qatar's Ras Laffan energy complex only employed a "FRACTION of our power". "The ONLY reason for restraint was respect for requested de-escalation," he writes on X. In an apparent threat to the US, Israel and Gulf nations, he goes on to say there will be "ZERO restraint" if Iranian infrastructure is struck again. He also says any end to the war "must address damage" to Iran's civilian sites.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

**UK AND ALLIES READY TO CONTRIBUTE TO 'APPROPRIATE EFFORTS' TO SECURE STRAIT OF HORMUZ**

In a joint statement, the UK and allies have condemned Iran's attacks on civilian infrastructure, and have called on it to stop its threats to vessels in the Strait of Hormuz. "Freedom of navigation is a fundamental principle of international law," the statement from the leaders of the UK, France, Germany, Italy, the Netherlands and Japan says. "The effects of Iran's actions will be felt by people in all parts of the world, especially the most vulnerable." The group also expresses its "readiness" to contribute to "appropriate efforts" to ensure safe passage through the vital shipping channel, which around 20% of global energy supplies pass through. (BBC News Web Page: 19/03/26, FARUK)

**TREASURY SECRETARY BESSENT SAYS US CONSIDERING WAIVING SANCTIONS ON IRANIAN OIL**

Treasury Secretary Scott Bessent says the US may waive sanctions on Iranian oil, as it looks for ways to keep energy prices in check. The move would affect about 140 million barrels of oil that are already on the water, he suggests in a Fox Business interview. The world consumes roughly 100 million barrels per day. It adds to other US efforts to boost oil supplies, including the suspension of sanctions on Russian oil and the contribution of 172 million barrels of oil to a global release of oil reserves. Bessent has previously said the US is also allowing Iranian oil tankers through, despite the conflict.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

**UAE INTERCEPTING FURTHER MISSILES AND DRONES FROM IRAN**

The United Arab Emirates says its air defences have intercepted seven ballistic missiles and 15 drones fired by Iran on Thursday. Since the start of the conflict, it says it has dealt with 334 ballistic missiles, 15 cruise missiles, and 1,714 drones , it's Ministry of Defence adds. It reports that these attacks have led to deaths of two military personnel, six civilians and seen 158 injured. (BBC News Web Page: 19/03/26, FARUK)

**GAS PRICE SOARS 25% AFTER STRIKES ON QATAR HUB**

Oil and gas prices have risen sharply after fresh strikes hit energy infrastructure in the Middle East, including Qatar's main gas facility. Gas prices jumped by about 25% on wholesale markets in the UK and Europe in early trading, before easing slightly. T price of gas in Europe is more than double the level seen before the US-Israeli war with Iran began. Oil is also trading higher, with Brent crude jumping 10% to nearly $119 a barrel at one point on Thursday morning, before slipping to $114. (BBC News Web Page: 19/03/26, FARUK)

**DR CONGO AND RWANDA AGREE TO EASE TENSIONS AFTER TALKS IN US**

The Democratic Republic of Congo and Rwanda have agreed to take "concrete steps" to ease tensions amid a stalled peace process, after talks hosted by the US in Washington. Conflict in eastern DR Congo has continued despite the two countries signing a peace deal with US President Donald Trump last year. The ledge to ease tensions comes after the US earlier this month sanctioned the Rwandan Defence Forces and four senior officials and accused Rwanda of directly supporting the M23 rebel group, blaming it for escalating the conflict. A joint statement by DR Congo, Rwanda and the US says they have "agreed to a series of coordinated steps to de-escalate tensions and advance progress on the ground". (BBC News Web Page: 19/03/26, FARUK)

**THREE PALESTINIAN WOMEN KILLED DURING IRANIAN MISSILE ATTACK**

At least three Palestinian women have been killed and eight more injured when a beauty salon in the Israeli-occupied West Bank was hit during an Iranian missile attack. The Israeli military told the BBC the women were killed "by a direct hit from a cluster munition missile". The Palestinian Red Crescent Society (PRCS) said there was a "direct impact of missile shrapnel". The incident happened in the town of Beit Awwa, near Hebron, in the southern West Bank, on Wednesday night. At around the same time, a Thai worker was also killed from shrapnel which hit a farming community in Israel, Israeli medics said.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

**US AIRCRAFT CARRIER TO SAIL TO CRETE FOR REPAIRS AFTER FIRE ON BOARD**

The US Navy's most advanced aircraft carrier, the USS Gerald R Ford, is preparing to leave the Red Sea for repairs in Crete after a fire on board injured sailors and caused significant damage, US officials have said. It will travel to a US Navy base on the island for pierside repairs, authorities said, after a blaze broke out in the laundry facility last week and took hours to extinguish. The world's largest warship has been beset by problems during its deployment in the Middle East, including an earlier breakdown of its toilet system. The vessel has been deployed for nearly nine months, and was sent to the region as part of US operations linked to the war with Iran. (BBC News Web Page: 19/03/26, FARUK)

**JAPAN PM TO HOLD 'DIFFICULT' TALKS WITH TRUMP AS IRAN CONFLICT LOOMS LARGE**

Japan's Prime minister Sanae Takaichi is on her way to what she expects will be a "very difficult" meeting with US leader Donald Trump, days after his calls for allies to help secure the war-stricken Strait of Hormuz went largely unanswered. Takaichi told parliament hours before her departure that she would "do everything to maximize Japan's national interests". The three-day visit to Washington was a chance to talk trade and deepen the US-Japan alliance ahead of Trump's diplomatic trip to China, which has now been postponed because of the war. But now it is the topic of the war that will likely overshadow the meeting, which is shaping up to be a test of Takaichi's friendship with Trump.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

**CHAD SHUTS SUDAN BORDER AFTER 17 KILLED IN DRONE STRIKE ON MOURNERS**

Chad's president has ordered the military to retaliate against future attacks from Sudan following a drone attack that killed at least 17 people and injured several other people attending a funeral. Wearing military uniform, President Idris Mahamat Deby convened an

emergency security meeting on Wednesday evening, where he ordered the military to be on high alert. He also ordered a "total closure" of the border with Sudan. He described the attack targeting the border town of Tine as "outrageous and a blatant aggression" against Chad's territorial integrity. He said that it had happened despite warnings to the two sides battling each other in Sudan and a previous closure of the border.
(BBC News Web Page: 19/03/26, FARUK)

## :: THE END ::